

নতুন মানুষ

নতুন মানুষ তোমরা কারা ?
তোমরা এলে ছন্নছাড়া ।
পাথর-পাতা সড়ক ধরে
কখন এলে লালচে ভোরে
রক্তপথের সঙ্গী হবার দাও ইশারা--
তোমরা কারা ?

আমরা জানি ইতিকথার রাজার কথা,
রাজ্য-ওঠার, রাজ্য-নামার প্রগলভতা
ইতিহাসের পাথর ঠেলে
কেমন করে তোমরা এলে,
চৌদিকে যার ঐতিহাসিক দেয় পাহারা ।
তোমরা কারা ?

দিনেশ দাস

